



সংরক্ষিত আসনে এনসিপির মনিরা শারমিনের মনোনয়ন স্থগিত



এনসিপির যুগ্ম আহ্বায়ক মনিরা শারমিন। ছবি: সংগৃহীত

জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে ১১ দলীয় ঐক্যজোটের প্রার্থী ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) যুগ্ম আহ্বায়ক মনিরা শারমিনের মনোনয়ন আপাতত স্থগিত করেছে নির্বাচন কমিশন (ইসি)। তবে জোটের বাকি ১২ জন প্রার্থীর মনোনয়নপত্র প্রাথমিকভাবে বৈধ ঘোষণা করা হয়েছে।

বুধবার (২২ এপ্রিল) নির্বাচন ভবনে রিটার্নিং কর্মকর্তা মঈন উদ্দীন খান এ সিদ্ধান্ত জানান। তিনি বলেন, মনোনয়নপত্রে সরকারি পে-স্কেলে বেতন গ্রহণের তথ্য থাকলেও চাকরির সময়কাল, প্রতিষ্ঠানসহ বিস্তারিত উল্লেখ নেই। এ কারণে সরকারি চাকরি থেকে পদত্যাগের প্রমাণ জমা দিতে তাকে বৃহস্পতিবার বেলা ১২টা পর্যন্ত সময় দেওয়া হয়েছে; এরপর চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।

তথ্য অনুযায়ী, মনিরা শারমিন ২০২৩ সালের অক্টোবরে বাংলাদেশ কৃষি ব্যাংকে অফিসার জেনারেল হিসেবে যোগ দেন। কুষ্টিয়া শাখা থেকে পরে তাকে কারওয়ান বাজার করপোরেট কার্যালয়ে বদলি করা হয় এবং দায়িত্ব পালনকালেই তিনি রাজনৈতিকভাবে সক্রিয় হন। গত বছরের ডিসেম্বরে তিনি চাকরি ছাড়েন বলেও জানা গেছে।

উল্লেখ্য, সংরক্ষিত নারী আসনে বিরোধী জোট ১৩টি আসন পাচ্ছে—এর মধ্যে জামায়াতের আটজন, এনসিপির দুজন, বাংলাদেশ খেলাফত মজলিস ও জাগপার একজন করে প্রতিনিধি এবং শহীদ শিশু জাবির ইবরাহিমের মা রোকেয়া বেগম রয়েছেন।